দৈনিক জনকণ্ঠ
তারিখ ...
পৃষ্ঠা ৮ কলাম ...
AUG. 16 2002

# বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান দলীয়করণের পদক্ষেপ বন্ধের দাবি

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান দলীয়করণের পদক্ষেপ বন্ধের দাবি জানিয়েছে বাংলাদেশ শিক্ষক সমিতি। শুক্রবার এক বিবৃতিতে সমিতি নেতৃবৃন্দ বলেন, বেসরকারী স্কুল, কলেজ পরিচালনায় ঢালাওভাবে

(৭- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

## বেসরকারী শিক্ষা

(৮-এর পাতার পর)

সরকারদলীয় সংসদ সদস্য এমনকি তাঁদের মনোনীত প্রতিনিধি অর্থাৎ রাজনৈতিক ব্যক্তিদের অন্তর্ভুক্ত করার আদেশ কার্যত দেশের শিক্ষা ব্যবস্থাকে অনিবার্য ধ্বংসের দিকে ঠেলে দিবে। এমতাবস্থায় শিক্ষা প্রতিষ্ঠান দলীয়করণ রোধে প্রধানমন্ত্রী খালেদা জিয়ার হস্তক্ষেপ কামনা করেছেন শিক্ষক নেতৃবৃন্দ। তাঁরা বলেন, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্টের বর্তমান সদস্য সচিবের বয়স ৬০ পার হওয়ায় তাঁর এই পদে থাকার বৈধতা নেই। তারপরও সদস্য সচিব প্রফেসর এম শরীফুল ইসলাম আগের চেয়ে শিক্ষকদের কম টাকা দিচ্ছেন। এই পরিপ্রেক্ষিতে সদস্য সচিবের অপসারণ দাবি করা হয়। বিবৃতি প্রদানকারীরা হলেন শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ আজিজুল ইসলাম, সহসভাপতি আব্দুল হাই, অতিরিক্ত মহাসচিব খান মোশাররফ হোসেন, সাংগঠনিক সচিব আজিজুর রহমান প্রমুখ। -বিজ্ঞপ্তি।